

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫৯

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩২. তাদের সম্পর্কে যারা 'যাবিল আরহাম' (নিকটাত্মীয়) গণকে মীরাছ প্রদান করেন, মাওলা তথা মুক্ত দাসকে দেন না

باب فِيمَنْ أُعْطِيَ ذَوِي الْأَرْحَامِ دُونَ الْمَوَالِي

আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا زُهَيْرٌ عَنْ حَيَّانِ بْنِ سَلْمَانَ قَالَ كُنْتُ عِنْدَ سُؤَيْدِ بْنِ غَفَلَةَ فَجَاءَهُ رَجُلٌ فَسَأَلَهُ عَنْ فَرِيضَةِ رَجُلٍ تَرَكَ ابْنَتَهُ وَامْرَأَتَهُ قَالَ أَنَا أَنْبُكَ قَضَاءٌ عَلَيَّ قَالَ حَسْبِي قَضَاءٌ عَلَيَّ قَالَ قَضَى عَلَيَّ لِامْرَأَتِهِ الثُّمْنَ وَلِابْنَتِهِ النِّصْفَ ثُمَّ رَدَّ الْبَقِيَّةَ عَلَى ابْنَتِهِ

বাংলা

৩০৫৯. হাইয়ান ইবনু সুলাইমান (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি সুওয়াইদ ইবনু গাফালা'র নিকট ছিলাম, এমন সময় একজন লোক এসে এক ব্যক্তির উত্তরাধিকার সম্পর্কে জিজ্ঞাসা করলো, যে তার এক কন্যা ও স্ত্রী রেখে মৃত্যু বরণ করেছে। তখন তিনি বললেন, আমি তোমাকে আলী রাঈয়াল্লাহু আনহু এর ফায়সালা জানিয়ে দিচ্ছি। সে বললো, আলী রাঈয়াল্লাহু আনহু এর ফায়সালাই আমার জন্য যথেষ্ট। তিনি বললেন, আলী রাঈয়াল্লাহু আনহু ফায়সালা করেছেন যে, স্ত্রী পাবে এক অষ্টমাংশ এবং কন্যা পাবে অর্ধেক। এরপর বাকী সম্পদ কন্যার দিকে ফিরে আসবে (তথা, কন্যা অবশিষ্ট সম্পদ পুনরায় পাবে)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এ সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/৩৭৩ নং ১১২০৮; ফাসাওয়ী, মা'রিফাতু ওয়াত তারীখ ৩/১৯১; বাইহাকী, ফারাইয ৬/২৪২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83344>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন